

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯০৫

আগরতলা, ১৪ আগস্ট, ২০২৪

স্বাধীনতা দিবস উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

স্বাধীনতা দিবস উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানিয়েছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু। শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, ‘৭৮তম স্বাধীনতা দিবস উপলক্ষে ত্রিপুরাবাসীকে আমি উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি। আমাদের জাতীয় পতাকা ভারতবাসীর আশা ও আকাঙ্ক্ষাকে প্রতিনিধিত্ব করছে। এই পতাকা আমাদের জাতীয় গর্বের প্রতীক। কয়েক দশক ধরে পূর্ণমর্যদায় জাতীয় পতাকাকে উর্দ্ধে তুলে ধরতে সশস্ত্র বাহিনীর কর্মী সহ অনেক মানুষ তাদের জীবন বিসর্জন দিয়েছেন।

বৃটিশ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে দীর্ঘ আন্দোলনের পর স্বাধীনতা সংগ্রামীদের ত্যাগের বিনিময়ে ১৯৪৭ সালের ১৫ আগস্ট আমরা স্বাধীনতা লাভ করেছি। সন্মিলিতভাবে অশুভ শক্তির বিরুদ্ধে লড়াই করতে আমাদের সেই অনুভূতি জাগিয়ে তুলতে হবে। আমাদের দেশের সুরক্ষায় যেসব সশস্ত্র বাহিনীর জওয়ানগণ দেশের সীমান্ত, আকাশ, জলসীমা পাহাড়া দিচ্ছেন আমি তাদের অভিবাদন জানাই।

স্বাধীনতা দিবস উপলক্ষে আমি আমাদের রাজ্যকে নেশামুক্ত, বাল্যবিবাহ মুক্ত, একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক বর্জন করার আহ্বান জানাচ্ছি। আমাদের ভবিষ্যত প্রজন্মকে রক্ষা করতে হবে। আগামী দিনগুলিতে এই পরিবর্তন আমরা দেখাতে চাই। এজন্য আমাদের সবার এগিয়ে আসতে হবে। রাজ্যবাসীকে আমি আবার শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।’

\*\*\*\*\*